

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ৬৫৬


তারিখ: ০২/০৯/২০২৫ খ্রি.

বিষয়: ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদাহিতা নিশ্চিতকরণ

উপর্যুক্ত বিষয়ে সুফলভোগীদের আবেদনের প্রেক্ষিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হয়ে থাকে। সুফলভোগীদের নামে অনুমোদিত ঋণ সংশ্লিষ্ট উপজেলা দপ্তর থেকে এ্যাডভাইস ইস্যুর মাধ্যমে তাদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়। সুফলভোগীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তরের ফলে ঋণ বিতরণ কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়ন করা সম্ভব হয়েছে, তবে কিছু কিছু উপজেলায় মাঠ সংগঠকগণ অসং উদ্দেশ্যে সুফলভোগীদের ভুল বুঝিয়ে তাদের নিকট হতে ব্যক্তিগত চেক স্বাক্ষর করিয়ে সুফলভোগীদের নামে বিতরণকৃত ঋণের অর্থ ব্যাংক থেকে উত্তোলন করে আত্মসাৎ করেছেন মর্মে তথ্য পাওয়া যাচ্ছে। ঋণ বিতরণের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১. ব্যাংকে ঋণ এ্যাডভাইস প্রেরণের পূর্বে সদস্যদের ব্যাংক হিসাব নম্বর নিশ্চিত হতে হবে এবং সুফলভোগীদের স্ব-শরীরে অফিসে উপস্থিতি নিশ্চিত করে অনুমোদিত ঋণের বিষয়ে তাদের অবহিত করতে হবে;
২. সুফলভোগীর ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তরের সময়ই এআরডিও/হিসাব সহকারী কর্তৃক পাশবহিতে এন্ট্রি প্রদান করতে হবে;
৩. সুফলভোগীগণ ব্যাংক হতে নিজস্ব চেক বহি ব্যবহার করে ঋণের অর্থ উত্তোলন করার পর অফিসে সকলকে একত্রিত করে উত্তোলিত টাকাসহ ছবি তুলে তার সফটকপি ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত কম্পিউটারে সংরক্ষণ করতে হবে;
৪. ঋণের সমুদয় অর্থ সুফলভোগীগণই পেয়েছেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে। সমিতির ম্যানেজার/সভাপতি/মাঠ সংগঠক বা অন্য কেউ সুফলভোগীকে ভুল বুঝিয়ে তাদের ব্যক্তিগত ব্যাংক হিসাব ব্যবহার করে ঋণের অর্থ উত্তোলন করেছে কি না সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
৫. ব্যাংক হতে ঋণের অর্থ উত্তোলনের ক্ষেত্রে সহযোগিতার প্রয়োজন হলে এআরডিও/হিসাব সহকারী সরেজমিনে ব্যাংকে গমন করে সহযোগিতা করবেন। কোন অবস্থাতেই এ কাজে মাঠ সংগঠকদের ব্যবহার করা যাবে না।

এমতাবস্থায়, সুফলভোগীদের নামে অনুমোদিত সমুদয় ঋণের অর্থ সংশ্লিষ্ট সুফলভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তর ও প্রাপ্তি নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা.....

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি,..... (প্রকল্পভুক্ত সকল জেলা);
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. সংশ্লিষ্ট উপজেলার ঋণ কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৬. পরিচালক (পরিচালনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৭. সহকারী পল্লী উন্নয়ন অফিসার/হিসাব সহকারী, ইরেসপো (প্রকল্পভুক্ত সকল উপজেলা);
৮. অফিস নথি।